# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৬৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বক্তব্য “রাতের খাবার খেতে তাড়াহুড়া করবে না” এর দ্বারা উদ্দেশ্য হলো যখন কোন ব্যক্তির কাছে খাবার পরিবেশন করা হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (لَا تَعْجَلُوا عَنْ عَشَائِكُمْ) أَرَادَ بِهِ إِذَا قُدِّمَ ذَلِكَ عَلَى الْمَرْءِ

---

আরবী

2064 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي نَافِعٌ قَالَ: كَانَ ابْنُ عُمَرَ إِذَا غَرَبَتِ الشَّمْسُ وَتَبَيَّنَ لَهُ اللَّيْلُ فَكَانَ أَحْيَانًا يقدِّم عَشَاءَهُ وَهُوَ صَائِمٌ والمؤذِّن يُؤَذِّنُ ثُمَّ يُقِيمُ وَهُوَ يَسْمَعُ فَلَا يَتْرُكُ عَشَاءَهُ وَلَا يُعَجِّلُ حَتَّى يَقْضِيَ عَشَاءَهُ ثُمَّ يَخْرُجَ فَيُصَلِّيَ وَيَقُولُ: قَالَ: رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَعْجَلُوا عَنْ عَشَائِكُم إِذَا قُدِّمَ إليكم)

الراوي : نَافِعٌ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2064 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

২০৬৪. নাফি‘ রহিমাহুল্লাহ বলেন, “যখন সূর্য অস্ত যেতো এবং রাত স্পষ্ট হতো, তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু কোন কোন সময় সিয়ামরত অবস্থায় রাতের খাবার আগে খেতেন। এসময় মুয়াযি্যন আযান ও ইকামত দিতেন, তিনি তা শুনতে পেতেন কিন্তু তিনি খাবার ত্যাগ করতেন না, তাড়াহুড়াও করতেন না তারপর তিনি বের হয়ে সালাত আদায় করতেন এবং বলতেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “রাতের খাবার খেতে তাড়াহুড়া করবে না, যখন তোমাদের কাছে খাবার পরিবেশন করা হয়।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২১৮৯; মুসনাদ আহমাদ: ২/১৪৮; সহীহ মুসলিম: ৫৫৯; আবূ আওয়ানা: ২/১৫;

মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪২০; সহীহ আল বুখারী: ৬৭৩; আবূ দাঊদ: ৩৭৫৭; তিরমিযী: ৩৫৪; ইবনু মাজাহ: ৯৩৪; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৩৫; সুনান বাইহাকী: ৩/৭৪; মুয়াত্তা ইমাম মালিক: ২/৯৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তা‘লীকাতুল হিসান :২০৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91382

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন